গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম

মুজিব বর্ষ ১০০

## জুন-২০২২ মাসের রৌমারী উপজেলা পরিষদের বিশেষ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব শেখ আব্দুল্লাহ্<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম। |
| সভার তারিখ | ঃ | ০৫/০৬/২০২২খ্রিঃ। |
| সময় | ঃ | বেলা ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রৌমারী, কুড়িগ্রাম। |
| সভার উপস্থিতি | ঃ | হাজিরা খাতায় সংরক্ষিত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নিম্নোক্ত আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করেন।

আলোচ্য বিষয়ঃ

১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের গুরুত্বপূর্ণ কার্যাবলী সম্পর্কে আলোচনা।
৩। বিবিধ।

১নং আলোচ্য বিষয়ে সভায় পূর্ব সভার সিদ্ধান্ত পাঠ করা হয়। উক্ত সিদ্ধান্তসমূহে কোন সংযোজন/বিয়োজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

১নং আলোচ্য বিষয়ে সকল সরকারি দপ্তর প্রধানগণের নিকট তাদের দপ্তরের জরুরী ও গুরুত্বপূর্ণ কার্যাবলী সম্পর্কে জানতে চাইলে সকলে জানান যে, বর্তমান সময়ে কোন গুরুত্বপূর্ণ কার্যাবলী চলমান নেই।

৩নং বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা প্রকৌশলী সভায়, জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১-৩১৩, তারিখঃ ০১ জুন ২০২২খ্রিস্টাব্দ মোতাবেক চলতি ২০২১-২০২২ অর্থবছরে 'উপজেলা উন্নয়ন সহায়তা' খাতের 'অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' উপখাত হতে কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলা পরিষদের অনুকূলে ২০.০০ লক্ষ (বিশ লক্ষ) টাকা মঞ্জুরী প্রদান করা হয়। উক্ত মঞ্জুরী আদেশের শর্তাবলী ১। এ উল্লেখ আছে যে, "এ অর্থ ব্যয়ে জনাব মোঃ জাকির হোসেন, মাননীয় সংসদ সদস্য, কুড়িগ্রাম-৪ এর অভিপ্রায় অনুযায়ী প্রকল্প গ্রহণ করতে হবে:" মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনার আলোকে মাননীয় সংসদ সদস্য মহোদয় নিম্নোক্ত ০৫(পাঁচ)টি প্রকল্প বাস্তবায়নের জন্য সুপারিশ করেছেন।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় | বাস্তবায়নের ধরণ |
|---|---|---|---|
| ০১ | রৌমারী এলজিইডির আওতায় উন্নয়ন কাজ বাস্তবায়নের লক্ষে স্পীডবোট ক্রয়। | ১২,০০,০০০/- | আরএফকিউ |
| ০২ | রৌমারী উপজেলার গুরুত্বপূর্ণ স্থানে সোলার স্ট্রিট লাইট স্থাপন। | ২,৫০,০০০/- | আরএফকিউ |
| ০৩ | সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ বিভিন্ন রাস্তাঘাট মেরামতের জন্য জিও ব্যাগ ক্রয়। | ২,০০,০০০/- | পিআইসি |
| ০৪ | রৌমারী উপজেলার অসহায় দুঃস্থ্য মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ। | ২,০০,০০০/- | পিআইসি |
| ০৫ | রৌমারী উপজেরার অসহায় দুঃস্থ্য ব্যক্তিদের মধ্যে নলকূপ বিতরণ। | ১,৫০,০০০/- | পিআইসি |
| | মোট= | ২০,০০,০০০/- | |

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ উপরোক্ত ৫(পাঁচ)টি প্রকল্প দ্রুত বাস্তবায়নের জন্য অনুমোদন করা হলো। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বাস্তবায়নেঃ ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩। উপজেলা প্রকৌশলী, রৌমারী, কুড়িগ্রাম।

CamScanner

বিবিধ বিষয়ে আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী উপজেলা পরিষদের নিম্নোক্ত বিলসমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

১। জুন-২০২২ মাসের আপ্যায়ন বিল ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।
২। জুন-২০২২ মাসের আনুসাঙ্গিক বিল ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।
৩। জুন-২০২২ মাসের ১৭টি কমিটির আপ্যায়ন বিল ৮,০০০/- (আট হাজার) টাকা।
৪। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঢ) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদে ইন্টারনেট সংযোগ ও ইন্টারনেট বিল বাবদ ৬,৪৩৫/- (ছয় হাজার চারশত পঁয়ত্রিশ) টাকা পরিশোধ।
৫। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (খ) নং অনুচ্ছেদের ২৬ মার্চ জাতীয় দিবস উদযাপন বাবদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকার বিল পরিশোধ।
৬। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঢ) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদে ইন্টারনেট সংযোগ ও ইন্টারনেট বিল বাবদ ১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত) টাকা পরিশোধ।
৭। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঘ) নং অনুচ্ছেদের আলোকে ঘুর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থিক সাহায্য বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদান।
৮। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঘ) নং অনুচ্ছেদের আলোকে করোনাকালে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ক্রয় বাবদ ১০,০০০/- (দশশ হাজার) টাকার বিল পরিশোধ।
৯। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ট) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা আনসার ভিডিপি অফিসের পানির লাইন মেরামত বাবদ ১৫,৪৫০/- (পনের হাজার চারশত পঞ্চাশ) টাকার বিল পরিশোধ।
১০। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ভ) নং অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদের স্টাফ কোয়ার্টারের আশ-পাশে ময়লা আবর্জনা পরিষ্কার বাবদ ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা বিল পরিশোধ।
১১। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার বিল পরিশোধ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/৬/২২

(শেখ আব্দুল্লাহ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
রৌমারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম

স্মারক নং ০৫.৪৭.৪৯৭৯.০০০.০৩.০১১.১৯- ৪৬২/২ তারিখঃ ০৫/০৬/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। জনাব মোঃ জাকির হোসেন, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুড়িগ্রাম।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
৮। উপজেলা............................................................ কর্মকর্তা/অফিসার ইনচার্জ, রৌমারী থানা, রৌমারী, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, দাঁতভাঙ্গা/শৌলমারী/বন্দবেড়/রৌমারী/যাদুরচর/চর শৌলমারী ইউপি, রৌমারী, কুড়িগ্রাম।
১০। ........................................................................................ রৌমারী, কুড়িগ্রাম।
১১। অফিস কপি।

০৫/০৬/২০২২

(মোঃ আশরাফুল আলম রাসেল)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
রৌমারী, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৮-৫৬০০১
ফ্যাক্স ঃ ০৫৮২৮-৫৬০০৭
ইমেইল ঃ unorowmari@mopa.gov.bd

CS CamScanner